

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯৫৭

সোনামুড়া, ২৬ ফেব্রুয়ারি, ২০২৪

রবীন্দ্রনগর গ্রামপঞ্চায়েতে মেগা আইন সেবা শিবির

সোনামুড়া মহকুমার রবীন্দ্রনগর গ্রামপঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গনে গত ২৪ ফেব্রুয়ারি এক মেগা আইন সেবা শিবির অনুষ্ঠিত হয়। সিপাহীজলা জেলার জেলা ও দায়রা জজ প্রকাশ কুমার এই শিবিরের উদ্বোধন করেন। শিবিরে সিপাহীজলা জেলা পুলিশ সুপার বি জে রেডিড, জেলা চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কাম সিভিল জজ এস সাহা এবং জেলা চিফ লিগ্যাল এইডস ডিফেন্স কাউন্সিল প্রবীর কুমার দেব উপস্থিত ছিলেন। অতিথিগণ তাদের আলোচনায় জেলা আইনসেবা কর্তৃপক্ষের এধরনের বিশেষ শিবিরের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেন। পাশাপাশি ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষ আইনের বিভিন্ন সুযোগ-সুবিধা, বিনামূল্যে আইনি সহায়তা, আইনি পরামর্শসহ আলাপ আলোচনার মাধ্যমে বিভিন্ন সমস্যার নিষ্পত্তি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করেন। স্বাগত বক্তব্য রাখেন সিপাহীজলা জেলা আইনসেবা কর্তৃপক্ষের ডিস্ট্রিক সেক্রেটারী দিব্য প্রকাশ মিশ্র। ধন্যবাদ জ্ঞাপন করেন সোনামুড়া মহকুমা আইনসেবা কর্তৃপক্ষ কমিটির সদস্য সচিব কৌশিক ভট্টাচার্য। এই মেগা আইন সেবা শিবিরে বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে ১২ টি স্টল খোলা হয়। এইসব স্টলের মাধ্যমে জনগণকে সরকারি বিভিন্ন প্রকল্পের সুযোগ-সুবিধা প্রদান করা হয়। সিপাহীজলা জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে এই শিবিরের আয়োজন করা হয়।

\*\*\*\*\*